

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী,  
মৎস্য ভবন (১০ম তলা), রমনা, ঢাকা।

স্মারক নং-০৩.০৯.০০০০.৬৬১.৫১.০০২.১৩-৫০০

তারিখ : ১৫/০৪/২০১৫ খ্রিঃ।

বিষয় : অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব মহোদয়ের ডি.ও পত্র।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯/০৩/১৫ তারিখের পত্র নং-০৩.০৭০.০২৪.০০.০০.০৫.২০১৫-৫৯।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের মাধ্যমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব মহোদয়ের ডি.ও পত্রটি সংযুক্ত করা হয়েছে। ডি.ও পত্রটি মূলতঃ উৎসে কর কর্তন সংক্রান্ত। উক্ত ডি.ও পত্রে উৎসে কর কর্তনকারীদের সঠিক পছায় কর কর্তনপূর্বক তা সরকারী কোষাগারে নির্দিষ্ট কোডে জমা প্রদানের বিষয়ে গুরুত্বপূর্ণ মর্মে উল্লেখ করা হয়েছে। উক্ত খাতের রাজস্ব সংগ্রহে নিম্নোক্ত সমস্যা চিহ্নিত করা হয়েছে :

- (ক) কোন কোন ক্ষেত্রে উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ আদৌ কোন কর কর্তন করছেন না।
- (খ) ক্ষেত্র বিশেষে বিধি মোতাবেক নির্দিষ্ট হারের তুলনায় কম হারে কর কর্তন/সংগ্রহ করছেন।
- (গ) উৎসে কর্তনকৃত কর সরকারী কোষাগারে আদৌ জমা প্রদান করছেন না এবং
- (ঘ) উৎসে কর্তিত কর বিধি নির্ধারিত সময়ের মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করছেন না।

০২। এমতাবস্থায় উল্লিখিত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ শেখাবুর রহমান)  
উপ-পরিচালক  
ফোন : ৯৫৬২৮৪৩

নির্বাহী প্রধান

এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধিত প্রাপ্ত সকল এনজিও।

অনুলিপি :

- ০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কম্পিউটার শাখা, এনজিও বিষয়ক ব্যুরো, তাঁকে এই পত্রটি এনজিও বিষয়ক ব্যুরোর ওয়েবসাইটে আপ-লোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৩। অফিস কপি।

সচিব  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
ও  
চেয়ারম্যান  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা



Secretary  
Internal Resources Division  
and  
Chairman  
National Board of Revenue

স্মরণ-২

আধা-সরকারী পত্র নং ০৯৯/০৯৯/১১১/এন বি ডি/২০১৫/২৫৭ (৪৯)

তারিখ: ২৫/০২/২০১৫ খ্রিঃ

শ্রদ্ধেয় সহকারী, মন্ত্রণালয়

আপনি নিশ্চয়ই অবহিত আছেন যে, উন্নত বিশ্বে আয়কর রাজস্বের সিংহভাগই আদায় হয়ে থাকে একটি নির্দিষ্ট পদ্ধতিতে যা উৎসে কর কর্তন বা ইংরেজী পরিভাষায় Withholding Tax অথবা Tax Deducted at Source-TDS নামে সুপরিচিত। আমাদের দেশে এই হার মাত্র ৫৪%। উৎসে কর কর্তন যথাযথভাবে মনিটরিং করা হলে এ হার আরও বৃদ্ধি পাবে বলে আমার বিশ্বাস। এক্ষেত্রে উৎসে কর কর্তনকারীদের সঠিক পছায় কর কর্তনপূর্বক তা সরকারী কোষাগারে নির্দিষ্ট কোডে জমা প্রদান করার বিষয়টি বিশেষভাবে গুরুত্বপূর্ণ। উৎসে কর ব্যবস্থাপনা বিশ্লেষণ করে দেখা যায়, এই খাতের রাজস্ব সংগ্রহের সমস্যা মূলতঃ চার ধরনেরঃ-

- (ক) কোন কোন ক্ষেত্রে উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ আদৌ কোন কর কর্তন করছেন না;
- (খ) ক্ষেত্র বিশেষে বিধি মোতাবেক নির্দিষ্ট হারের তুলনায় কম হারে কর কর্তন/সংগ্রহ করছেন;
- (গ) উৎসে কর্তনকৃত কর সরকারী কোষাগারে আদৌ জমা প্রদান করছেন না; এবং
- (ঙ) উৎসে কর্তিত কর বিধি নির্ধারিত সময়ের মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করছেন না।

০২। উপর্যুক্ত সমস্যাসমূহের কারণে উৎসে করের একটি উল্লেখযোগ্য অংশ সরকারী কোষাগারে জমা হচ্ছে না। এই সমস্যা নিরসনে উৎসে কর কর্তনের সাথে সম্পৃক্ত সকল কর্তৃপক্ষকে উৎসে কর কর্তন/সংগ্রহ ও তা সঠিক পছায় সরকারী কোষাগারে জমাদানের বিষয়ে অধিকতর সচেতন হওয়া প্রয়োজন বলে মনে করি।

০৩। আপনি আরো অবহিত আছেন যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অধীনে মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তরের বিভিন্ন প্রকল্প বাস্তবায়নকালে বেতন ভাতা, পরামর্শক ফি পরিশোধ, পণ্য ও সেবা ক্রয় ইত্যাদি বাবদ অর্থ পরিশোধের সময় উৎসে কর কর্তনের প্রেক্ষিত তৈরী হয়। তাছাড়া মন্ত্রণালয়সহ এর অধীনস্থ দপ্তরসমূহে রাজস্ব খাতে এরূপ ব্যয়ের ক্ষেত্রে অর্থ পরিশোধের সময়ও উৎসে কর কর্তন উদ্ভূত হয়ে থাকে।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, জাতীয় রাজস্ব আহরণে আপনার মন্ত্রণালয়ের অবদান সুনিশ্চিত করার নিমিত্তে আপনার মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তরসমূহে উপরিউক্ত কার্যক্রম হতে উদ্ভূত উৎসে কর আয়কর বিধি বিধানের আলোকে যথাযথভাবে কর্তন/সংগ্রহ পূর্বক নির্দিষ্ট রাজস্ব কোডে জমা প্রদানের ক্ষেত্রে সুস্পষ্ট নির্দেশনা প্রদানের প্রয়োজনীয়তা রয়েছে বলে আমি মনে করি। এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড "উৎসে কর কর্তন" সংক্রান্ত একটি সংক্ষিপ্ত সার প্রণয়ন করেছে, যা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরিপালনের জন্য এই সাথে প্রেরণ করা হলো।

৫। বাংলাদেশের উন্নয়ন অভিযাত্রা অব্যাহত রাখার স্বার্থে, বিশেষ করে রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জাতীয় রাজস্ব আহরণে আপনার সদয় হস্তক্ষেপ ও কার্যক্রমের জন্য অগ্রিম ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

আপনার সন্তোষজনক হওয়া,

শান্তিরিকভাবে আপনার  
সচিব  
(মোঃ নজিবুর রহমান)  
২৫/২/১৫

মিজ সুবাইয়া বেগম এনডিসি  
সচিব  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

